

Class – 3

Subject – 2nd Language Bengali

Chapter – গল্প – ফেলুদার লখনৌ যাত্রা

গল্পের নাম - ফেলুদার লখনৌ যাত্রা

লেখকের নাম – সত্যজিৎ রায়

গল্পের বিষয়বস্তু:-

লেখক সত্যজিৎ রায়ের লেখা ফেলুদার লখনৌ যাত্রা গল্পটি লেখকেরই লেখা বাদশাহ আংটি গল্পের একটি অংশ।

ফেলুদার লখনৌ যাত্রা গল্পটিতে ফেলুদা একটি চরিত্র। তিনি স্বভাবে একজন শখের গোয়েন্দা।

গল্পটিতে বক্তার বাবা পুজোর ছুটিতে লখনৌ বেড়াতে যেতে চান। লখনৌতে বক্তার ধীরু কাকা অর্থাৎ বক্তার বাবার ছোটো বেলার বন্ধু থাকেন। { **বক্তা অর্থাৎ কথক (Speaker)** }

গল্পটিতে বক্তার ধারণা ছিল যে লখনৌ ভালো জায়গা নয়। তাই সে তার বাবাকে বলেছিল সে তার মাসতুতো দাদা ফেলুদাকে তাদের সঙ্গে নিয়ে যেতে চায়। তাতে বক্তার বাবা আপত্তি করেননি কিন্তু সেই সময় ফেলুদা নতুন চাকরি পেয়েছে তাই ছুটি পাবে কিনা সেই বিষয়ে বক্তার বাবা বক্তাকে প্রশ্ন করেছিলেন।

বক্তা ফেলুদাকে লখনৌ যাওয়ার কথা বলতেই ফেলুদা বক্তাকে লখনৌ শহরে দেখবার জায়গাগুলোর কথা এবং ইতিহাসে লখনৌ শহরের গুরুত্ব কতখানি সেই গল্প করতে থাকেন।

অবশেষে ফেলুদা চাকরি থেকে ১৫ দিনের ছুটি নিয়ে বক্তা এবং বক্তার বাবার সাথে লখনৌ যাত্রা করেন ধীরু কাকার বাড়ির উদ্দেশ্যে।

যেহেতু ফেলুদা স্বভাবে একজন গোয়েন্দা তাই তিনি লখনৌ স্টেশনে নেমে ধীরু কাকাকে নিয়ে খানিকটা গোয়েন্দাগিরি করে ফেলেন এবং বক্তা তাতে খুব অবাক হন কারণ ফেলুদা ধীরু কাকাকে আগে কখনও দেখেননি আর বক্তার কাছেও ধীরু কাকার কোনো কথা আগে কোনো দিন শোনেননি।

Work Sheet

1. সংক্ষিপ্ত উত্তর দাও:-

I) ফেলুদার লখনৌ যাত্রা গল্পটির লেখকের নাম কী?

Ans: -

II) ফেলুদার লখনৌ যাত্রা গল্পটি লেখকের লেখা কোন গল্পের অংশ?

Ans: -

III) ফেলুদা স্বভাবে কী?

Ans: -

IV) ফেলুদা বক্তার কে হন?

Ans: -

V) লখনৌ যেতে কে চেয়েছিলেন?

Ans: -

2. সঠিক উত্তরের পাশে টিক ✓ চিহ্ন দাও:-

I) লছমনবুলাতে (পাহাড় / সমুদ্র / নদী) আছে।

II) ফেলুদা কলকাতা ছেড়ে যেখানে যাকনা কেন ওকে ঘিরে (দুঃখজনক / রহস্যজনক / দুর্ভাগ্যজনক) ঘটনা ঘটে।

III) ফেলুদা চাকরি পেয়েছে (দুবছর / একবছর / তিনবছর) আগে।

IV) ফেলুদার (দশ / সাত / পনেরো) দিনের ছুটি নিতে অসুবিধা হল না।

V) ধীরু কাকার (বাগানের / গানের / গোয়েন্দাগিরির) শখ।

3. গল্প থেকে সঠিক শব্দ বেছে নিয়ে ফাঁকা জায়গা পূরণ কর:-

- I) আমার বিশ্বাস ছিল _____ বেশ বাজে জায়গা।
- II) _____ বলে, ও কলকাতা ছেড়ে যেখানে যাকনা কেন ওকে ঘিরে নাকি _____ ঘটনা সব গজিয়ে ওঠে।
- III) বড় ইমামবাড়ার ভুলভুলাইয়া যাব, ভেতরে যদি ঢুকিস ত তোর _____ আর _____ এক সঙ্গে _____ যাবে।
- IV) সেপাই বিদ্রোহের সময় _____ সৈনিকদের _____ ছিল ওটা।
- V) ওকে কেউ কেউ বলে আধ পাগলা, কেউ কেউ _____ আর কেউ বলে _____ ।

4. নীচের শব্দগুলির অর্থ লেখো:-

শব্দ	অর্থ
I) অবশ্যি	
II) রহস্য	
III) গজিয়ে ওঠে	
IV) ধাঁধিয়ে যাবে	
V) গোরা	
VI) সেপাই বিদ্রোহ	
VII) ঘাঁটি	
VIII) কিস্যু	
IX) গোলা	
X) ডিটেকটিভ	

5. নীচের শব্দগুলির বিপরীত শব্দ লেখো:-

<u>শব্দ</u>	<u>বিপরীত শব্দ</u>
I) গুরু	
II) জন্ম	
III) দোষ	
IV) ঘৃণা	
V) ন্যায়	
VI) স্বাধীন	
VII) প্রবেশ	
VIII) কোমল	
IX) মিহি	
X) যোগ	
